

জনাব ইলিয়াস আহমেদ ১৯৬৮ খ্রিস্টাব্দে দিনাজপুর জেলার বিরামপুর থানায় জন্ম গ্রহণ করেন। ১৯৮৩ খ্রিস্টাব্দে বিরামপুর পাইলট হাইস্কুল থেকে এসএসসি ও ১৯৮৫ খ্রিস্টাব্দে রংপুর কারমাইকেল কলেজ, রংপুর থেকে এইচএসসি পরীক্ষায় উত্তীর্ণ হয়ে ১৯৮৬ খ্রিস্টাব্দে রাজশাহী বিশ্ববিদ্যালয়ে “ ইতিহাস বিভাগে” ভর্তি হয়ে স্নাতক ও স্নাতকোত্তর কোর্স সম্পন্ন করেন। ১৬’শ বিসিএস(সাধারণ শিক্ষা) পরীক্ষায় উত্তীর্ণ হয়ে ১৯৯৬ সালে পটুয়াখালী সরকারি কলেজ, পটুয়াখালীতে ইতিহাস বিভাগে অধ্যাপনা শুরু করেন। পরবর্তীতে নীলফামারী সরকারি মহিলা কলেজ, নীলফামারী ও কুড়িগ্রাম সরকারি কলেজ, কুড়িগ্রাম-এ অধ্যাপনার দায়িত্ব পালন করেন। তিনি গত ১৭/১২/২০২৫খ্রি: তারিখে সৈয়দপুর সরকারি কলেজ, সৈয়দপুর -এ অধ্যক্ষ পদে যোগদান করেন।